# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩০২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৩. তিনবার মাথা মসেহ করার দলীল

## بَابُ دَلِيلِ تَثْلِيثِ الْمَسْحِ

আরবী

نَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ سَعِيدٍ ، نَا زَيْدُ بْنُ الْحُبَابِ ، حَدَّثَنِي عُمَرُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَعِيدٍ الْمَخْزُومِيُّ ، حَدَّثَنِي جَدِّي ؛ أَنَّ عُثْمَانَ بْنَ عَفَّانَ خَرَجَ فِي نَفَرٍ مِنْ أَصْحَابِهِ حَتَّى جَلَسَ عَلَى الْمَقَاعِدِ ، فَدَعَا بِوَضُوءٍ ، فَغَسَلَ يَدَيْهِ ثَلَاثًا ، وَتَمَضْمَضَ ثَلَاثًا ، وَاسْتَنْشَقَ ثَلَاثًا ، وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ، وَذِرَاعَيْهِ ثَلَاثًا ، وَمَسَحَ بِرَأْسِهِ مَرَّةً وَاحِدَةً ، وَغَسَلَ رِجْلَيْهِ ثَلَاثًا ثَلَاثًا ، ثُمَّ قَالَ : هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، تَوَضَّأَ كُنْتُ عَلَى وُضُوءٍ ، وَلَكِنْ أَحْبَبْتُ أَنْ أُرِيَكُمْ كَيْفَ تَوَضَّأَ النَّبِيُّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

৩০২(৮). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... উমার ইবনে আবদুর রহমান ইবনে সাঈদ আল-মাখযুমী (রহঃ) থেকে তার দাদার সূত্রে বর্ণিত। উসমান ইবনে আফফান (রাঃ) তার একদল সংগীসহ বের হয়ে আল-মাকাইদ-এ এসে বসলেন। তিনি উযুর পানি নিয়ে ডাকলেন। তিনি তার উভয় হাত তিনবার (কব্জি পর্যন্ত) ধৌত করেন, তিনবার কুলি করেন, তিনবার নাক পরিষ্কার করেন, তিনবার মুখমণ্ডল ধৌত করেন, তিনবার বাহুদ্বয় (হাত) ধৌত করেন, একবার মাত্র মাথা মসেহ করেন এবং দুই পা তিনবার ধৌত করেন, অতঃপর বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এভাবে উযু করতে দেখেছি। আমার উযু ছিল, কিন্তু তবুও আমি তোমাদের দেখাতে চাই, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিভাবে উযু করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উমার ইবনে আবদুর রহমান ইবনে সাঈদ আল-মাখযুমী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80091

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন